দৈনিক ইনকিলাব

তারিখ 19 JUN 1987
পৃষ্ঠা ... ১ কলাম ১

007

# জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের কেন্দ্রীয় লাইব্রেরীতে অব্যবস্থা

॥ স্টাফ রিপোর্টার ॥

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের কেন্দ্রীয় লাইব্রেরীতে মারাত্মক অব্যবস্থার অভিযোগ পওয়া গেছে। লাইব্রেরীর বই-পুস্তক যেখানে সেখানে ছড়িয়ে ছিটিয়ে আছে। ১৮৮৪ সালে প্রতিষ্ঠিত শতাব্দী প্রাচীন এ লাইব্রেরীর লাখ লাখ টাকার বই-পুস্তকের কোন হিসেব নেই। লাইব্রেরীতে এখন কত টাকার কি পরিমাণ বই আছে তা সঠিকভাবে সংশ্লিষ্ট কেউ বলতে পারে না। একটি সূত্র জানায়, প্রতিবছর বই কেনার জন্য শিক্ষা পরিদপ্তর হাজার হাজার টাকা প্রদান করে থাকেন এবং উক্ত টাকায় বইও কেনা হয়। বিগত ৫ বছরে কত টাকার কি পরিমাণ বই কেনা হয়েছে জানতে চাইলে লাইব্রেরীয়ান কোন হিসেব দেখাতে বা বলতে পারেননি। ৭ এর পাতায় দেখুন

## জগন্নাথ কলেজ

প্রথম পৃষ্ঠার পর

তিনি জানিয়েছেন, এখানে সম্ভবত ২০ থেকে ২৫ হাজার বই থাকতে পারে। তবে এর মধ্যে শতকরা ৯৫ ভাগ বই-পুস্তক ছাত্র-ছাত্রীদের কোন কাজে আসে না।

লাইব্রেরীর বহু বুক শেলফের মধ্যে বই-এর বিবরণ লিখা নেই। বহু আলমারীতে তালা দেয়ার ব্যবস্থা না থাকায় বই চুরির যথেষ্ট অবকাশ রয়ে গেছে।

লাইব্রেরীয়ান জানান, কয়েক বছর পূর্বে নিযুক্ত হওয়ার পর তিনি বই-পুস্তক এভাবেই দেখতে পান। এদিকে সংশ্লিষ্ট মহল আশংকা করছেন যে, অব্যবস্থার কারণেও সঠিক হিসেব না থাকায় লাইব্রেরীর লাখ লাখ টাকার বই বাইরে পাচার হয়ে গেছে।

কলেজের ছাত্র-ছাত্রীরা অভিযোগ করছেন, লাইব্রেরীতে গুরুত্বপূর্ণ বই-পুস্তকের অভাবে তাদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। প্রতিদিন বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী লাইব্রেরীতে এসে প্রয়োজনীয় বই-পুস্তক না পেয়ে ফিরে যায়। মারাত্মক বই সংকটের কারণে বিভিন্ন বিভাগীয় প্রধানগণ স্ব-স্ব বিভাগে পাঠাগার খুলেছেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রীয় লাইব্রেরীর অব্যবস্থা দূরীকরণের জন্য একটি কমিটি গঠনের প্রয়োজনীয়তা রয়েছে বলে ছাত্র ও শিক্ষক মহল থেকে দাবী জানানো হয়েছে।